

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ্জ অফিস  
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।


নং-হঅঢা-৭/১২৪/২০১৪/৪৬২

তারিখ- ১৮ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ  
০২ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : স্টীকার/মোনাজেম ভিসা প্রদান প্রসঙ্গে।

২০১৪ সালের হজ্জ কার্যক্রমে অংশ গ্রহণকারী হজ্জ এজেন্সির মালিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০২/০৯/২০১৪ খ্রি: তারিখ হজ্জ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর সভাপতিসহ নিম্নস্বাক্ষরকারী মোনাজেমদের অনুকূলে ভিসা ইস্যুর বিষয়ে সৌদি দূতাবাসে গমন করি। সৌদি দূতাবাসের হজ্জ কনসুলার জানিয়েছেন যে, মোনাজেমদের অনুকূলে কোন পৃথক ভিসা প্রদান করা হবে না এবং প্রত্যেক এজেন্সির অনুকূলে শুধুমাত্র ১টি ভিসা প্রদান করা হবে। যে সকল হজ্জ এজেন্সির ৮০ জন এবং তদূর্ধ্ব হজ্জযাত্রীর অনুকূলে মোয়াল্লেম ফি জমা করা হয়েছে তাদের এজেন্সির মালিক/মোনাজেমের বারকোড ভিসার জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি আগামী ০৭/০৯/২০১৪ খ্রি: তারিখের মধ্যে হজ্জ অফিসে জমা করার জন্য অনুরোধ করা হলো। বাকী এজেন্সিগুলোর মোনাজেমদের হজ্জ ভিসা প্রদান করা হবে মর্মে সৌদি দূতাবাস হতে আশ্বস্ত করা হয়েছে।

২। বর্ণিত প্রিপ্রেক্ষিতে ৮০ এবং তদূর্ধ্ব হজ্জযাত্রীর অনুকূলে মোয়াল্লেম ফি জমাদানকারী হজ্জ এজেন্সির মালিক/মোনাজেমদের বারকোড ভিসার আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি হজ্জ অফিসে জমা করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, মালিক/মোনাজেম ব্যতিত অন্য কোন ব্যক্তির অনুকূলে বারকোড ভিসা ইস্যু করা হবে না।



(মো: মিজানুর রহমান)  
পরিচালক  
(উপ-সচিব)  
ফোন : ৮৯৫৮৪৬২।

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/অংশীদার/পরিচালক

নং-হঅঢা-৭/১২৪/২০১৪/৪৬৩

তারিখ- ১৮ ভাদ্র, ১৪২১ বঙ্গাব্দ  
০২ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, ১৬তম তলা, হোটেল ভিক্টরী, ৩০/এ, নয়াপল্টন, ঢাকা (সকল এজেন্টকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।

(মো: মিজানুর রহমান)  
পরিচালক।